

ইংরেজি ভাষায় দক্ষতা উন্নয়নে ৭০০ কোটি টাকা দেবে যুক্তরাজ্য

যুগান্তর রিপোর্ট

ইংরেজি ভাষায় দক্ষতা উন্নয়নে-যুক্তরাজ্য বাংলাদেশকে প্রায় ৭০০ কোটি টাকা (৫ শ্রেণি পড়িত) অর্থ সহায়তা দেবে। ইংলিশ ইন অ্যাকশন' শীর্ষক কর্মসূচির অধীনে যুক্তরাজ্য আগামী ৯ বছরে বাংলাদেশকে এই সহায়তা

দেবে। এই কর্মসূচি বাস্তবায়িত হলে দেশের আড়াই কোটি মানুষ ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের মাধ্যমে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন সাধন করতে পারবে। বৃহস্পতিবার এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যম ব্রিটিশ আন্তর্জাতিক দেবে: পৃষ্ঠা ২: কলাম ৬

দেবে: টাকা

(৩য় পৃষ্ঠার পর)

উন্নয়ন প্রতিষ্ঠান ডিএফআইডি এ তথ্য জানিয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে জানান হয়, 'ইংলিশ ইন অ্যাকশন' একটি সুভদ্রাশীল ও-বাপক বিভূত কর্মসূচি। এই কর্মসূচির মাধ্যমে বাংলাদেশের বিভিন্ন শ্রেণীর মানুষের ইংরেজি ভাষায় দক্ষতা বাড়ানো হবে। এজন্য প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলোর শিক্ষকদের ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের জন্য বিশেষ প্রশিক্ষণ দেয়া হবে যাতে তারা ছাত্রদের ইংরেজি শেখাতে উন্নত কলাকৌশল গ্রহণ করতে পারে। তাছাড়া বিভিন্ন পেশার কর্মজীবী মানুষকে লিখিত ও কথ্য ইংরেজি শেখানো হবে এ কর্মসূচির মাধ্যমে। এর ফলে আন্তর্জাতিক পর্যায়ে যোগাযোগের ক্ষেত্রে বাংলাদেশের মানুষের দক্ষতা বাড়বে এবং তা দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

এ প্রসঙ্গে ব্রিটিশ আন্তর্জাতিক উন্নয়ন মন্ত্রী শহিদ মালিক বলেন, এই কর্মসূচি বাস্তবায়িত হলে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হবে।